

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৫৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - সাত্র (সতর)

بَابُ السَّتْرِ

আরবী

عَن عمر بن أبي سَلَمَة قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي فِي ثَوْبٍ وَاحْدٍ مُشْتَمِلًا بِهِ فِي بَيْتِ أُمِّ سَلَمَةَ وَاضِعًا طَرَفَيْهِ عَلَى عَاتِقيهِ

বাংলা

আল্লাহ তা'আলা বলেন, ''হে আদম সন্তান! তোমরা প্রত্যেক সালাতের সময় তোমাদের সৌন্দর্যের পরিচ্ছদ পরিধান কর''- (সূরাহ্ আল আ'রাফ ৭: ৩১)। ইবনু 'আব্বাস (রাঃ)-এর সূত্রে ইমাম মুসলিম বর্ণনা করেন যে, মহিলারা উলঙ্গ অবস্থায় বায়তুল্লাহ ত্বওয়াফ করত। এ প্রেক্ষিতেই উপর্যুক্ত আয়াতটি অবতীর্ণ হয়। ইবনু হাযম বলেন, মুসলিমগণ এ ব্যাপারে একমত যে সালাত বিশুদ্ধ হওয়ার জন্য লজ্জাস্থান ঢাকা শর্ত। কোন জনশূন্য স্থানে থাকলেও। আর সালাতের সময় ছাড়া অন্য সময় লজ্জাস্থানে তাকানো যাদের জন্য বৈধ নয় এমন লোকেদের দৃষ্টি থেকে লজ্জাস্থানকে ঢেকে রাখা ওয়াজিব।

৭৫৪-[১] 'উমার ইবনু আবৃ সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে এক কাপড়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে দেখেছি। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) উন্মু সালামাহ্ (রাঃ)-এর ঘরে কাপড়টি নিজের শরীরে এভাবে জড়িয়ে নিলেন যে, কাপড়ের দু' দিক তাঁর কাঁধের উপর ছিল। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৫৬, মুসলিম ৫১৭, নাসায়ী ৭৬৪, ইবনু মাজাহ্ ১০৪৯, আহমাদ ১৬৩২৯, সহীহ ইবনু খুযাইমাহ্ ৭৬১, সহীহ ইবনু হিব্বান ২২৯২।



ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে বর্ণিত "মুশতামিল" বা ইশতিমাল কাপড় পরিধানের একটি পদ্ধতি। এ পদ্ধতিতে লম্বা কাপড়ের ডান মাথাকে পিঠের দিক হতে ডান হাতের নিচ দিয়ে বের করে বাম কাঁধের উপর ফেলতে হবে এবং কাপড়ের বাম মাথা বাম হাতের নিচ দিয়ে বের করে ডান কাঁধের উপর ফেলতে হবে। এ পদ্ধতিকে (اَلتَّوَسُّح) তাওয়াশশুহ ও তিহাফও বলা হয়। কাপড় পরিধানের এ পদ্ধতিকে অনুসরণ করলে মুসল্লী রুকু' করার সময় তার নিজ লজ্জাস্থানের দিকে তাকাতে পারে না। আর যাতে করে রুকু' ও সাজদার সময় কাপড় পড়ে না যায় সে ব্যবস্থা করা হয়েছে। এ হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, এই পদ্ধতিতে কাপড় পরলে একটি মাত্র কাপড়েও সালাত (সালাত/নামায/নামাজ) আদায় বিশুদ্ধ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন